



AS

BENGALI

Unit 1 Reading and Writing

Insert

Text to be used when answering Section 1

Text for use with Section 1

বিভাগ ১

দৃষ্টির অন্তরালে

ঘরের সামনের বারান্দায় বসেছিলো আসিফ। পাশেই নরম সবুজ ঘাসের লনে পড়ন্ত বেলার রোদের ছড়াছড়ি। এসবের মধ্যে একাত্ম হয়ে সে ভাবছিলো তার নিজের জীবনের কথা। “আসিফ!” ডাক শুনে চমকে উঠলো আসিফ। ঘাড় ফিরিয়ে দেখলো দরজা ধরে দাঁড়িয়ে আছে ওর ছোটবেলার বন্ধু রায়হান। একটা চেয়ার টেনে সে বসলো আসিফের পাশে। “রাতে রেডিওতে খবরটা শুনে আমি খুশিতে পাগল হয়ে গেছি,” বললো রায়হান। আজকের দৈনিক পত্রিকাটা পাশের টেবিলে। বড়ো অক্ষরে এর প্রথম পৃষ্ঠায় লেখা রয়েছে, “এক মর্মস্পর্শী উপন্যাস লেখার জন্য তরুণ লেখক আসিফ ইকবালের জাতীয় পুরস্কার লাভ।”

আজ আসিফের আত্মীয়, বন্ধুবান্ধব ও গুণমুগ্ধ পাঠক-পাঠিকাদের জন্য এক খুশির দিন। সকাল থেকে আসতে শুরু করেছে অনেক টেলিফোন আর শুভেচ্ছা বাণী। এসেছে ফুলের উপহার। উপন্যাসটির নাম ‘দৃষ্টির অন্তরালে’। লেখাটি শেষ করার আগের মুহূর্ত পর্যন্ত আসিফ নিজেও কল্পনা করতে পারেনি যে ‘দৃষ্টির অন্তরালে’র নায়িকা তার হৃদয়কে এভাবে ছুঁয়ে যাবে।

গরমের ছুটিতে আসিফ রায়হানের সঙ্গে ওর বাড়িতে বেড়াতে গিয়েছিলো। ওদের বাড়ির নাম ‘কাজলা।’ অদ্ভুত সব কারুকার্য করা আর লতাপাতায় ঘেরা ছিলো দোতলা বাড়িটা। জায়গাটা একটু নিরিবিলা। এই নীরবতার আমেজে মন যেন হারিয়ে যায়। প্রশস্ত লনের চারদিকে নারকেল আর খেজুর গাছের রহস্যময় ছায়া। মাথার ওপরে মেঘময় আকাশ। এই কাব্যিক পরিবেশই আসিফকে প্রেরণা দিয়েছে ওর লেখা শুরু করার জন্য।

আসিফ সেদিন সন্ধ্যার অন্ধকারে লনে একা বসে রায়হানের জন্য অপেক্ষা করছিলো। এমন সময় দোতলার কোণার ঘর থেকে ভেসে এলো সেতারের সুমধুর ঝংকার। সে অবাক হয়ে তাকালো দোতলার ঘরটার দিকে এবং বলার শক্তিও সে হারিয়ে ফেললো। সেতারের সুর ওর মনটাকে কেড়ে নিলো। রায়হান এসে কখন যে ওর পাশে দাঁড়িয়েছে টেরই পেলো না আসিফ। রায়হান একটু হেসে বললো, “আমার বোন রেশমী বাজাচ্ছে।”

আসিফ রেশমীকে দেখতে চাইলে রায়হান চমকে উঠে বললো, “ও যে অন্ধ! কারো সামনে আসে না।” ঘরের চার দেওয়ালের মধ্যে নিজেকে লুকিয়ে রাখে আর ইচ্ছে হলেই সেতারটা কোলে টেনে নিয়ে বাজাতে শুরু করে। রেশমীর জন্মের পরপরই মা মারা গিয়েছেন। বাবা চলে গেলেন বছর পাঁচেক আগে। রেশমী তখন স্কুলের ছাত্রী। সে থেকেই এই দুটি ভাইবোন একে অন্যকে অবলম্বন করে বেঁচে আছে। কথা বলতে বলতে ওরা বসার ঘরে ঢুকে এক বিরাট তৈলচিত্রের সামনে এসে দাঁড়ালো। এক অপূর্ণা তরুণীর ছবি! আসিফ জানতে চাইলো, কে সে? রায়হান হেঁয়ালি করে বললো, “যার সুরের ঝংকার তোমার মনকে ছুঁয়ে গেছে এ সেই।” আসিফ অপলক দৃষ্টিতে সেদিকে তাকিয়েই গুনগুনিয়ে উঠলো, “তুমি কি কেবলই ছবি..?”

Copyright information

For confidentiality purposes, from the November 2015 examination series, acknowledgements of third party copyright material will be published in a separate booklet rather than including them on the examination paper or support materials. This booklet is published after each examination series and is available for free download from www.aqa.org.uk after the live examination series.

Permission to reproduce all copyright material has been applied for. In some cases, efforts to contact copyright-holders may have been unsuccessful and AQA will be happy to rectify any omissions of acknowledgements. If you have any queries please contact the Copyright Team, AQA, Stag Hill House, Guildford, GU2 7XJ.